

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়: "কুরআন ও হাদীসে তাহাজ্জুদ সালাত"

পবিত্র কোরআনের আয়াত সমূহ:

وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَّكَ عَسَىٰ أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا

১. রাতের কিছু অংশে তাহাজ্জুদ সালাত আদায় করো, এ সালাত তোমার জন্যে অতিরিক্ত কর্তব্য। অচিরেই তোমার প্রভু তোমাকে উঠিয়ে আনবেন প্রশংসিত স্থানো। (১৭:৭৯)

وَالَّذِينَ يَبِيتُونَ لِرَبِّهِمْ سُجَّدًا وَقِيَامًا

২. তারা রাত (একটা অংশ) কাটায় তাদের প্রভুর সন্তুষ্টির উদ্দেশ্যে সেজদা করে এবং (সালাতে) দাঁড়িয়ে দাঁড়িয়ে। (২৫:৬৪)

أَمَّنْ هُوَ قَنْتٌ أَنَاءَ اللَّيْلِ سَاجِدًا وَقَائِمًا يَحْذَرُ الْآخِرَةَ وَيَرْجُوا رَحْمَةَ رَبِّهِ قُلْ هَلْ يَسْتَوِي الَّذِينَ يَعْلَمُونَ وَالَّذِينَ لَا يَعْلَمُونَ إِنَّمَا يَتَذَكَّرُ أُولُو الْأَلْبَابِ

৩. সে ব্যক্তি রাতের বিভিন্ন অংশে সেজদা করে এবং দাঁড়িয়ে দাঁড়িয়ে তার প্রভুর প্রতি আনুগত্য প্রকাশ করে, আখিরাতকে ভয় করে এবং তার প্রভুর রহমত প্রত্যাশা করে, সে কি ওই ব্যক্তির সমতুল্য যে এসব করে না? বলো, জ্ঞানীরা আর অজ্ঞরা কি সমান? উপদেশ গ্রহণ করে তো বুদ্ধিমান লোকেরাই। (৩৯:৯)

يَا أَيُّهَا الْمُرْمَلُ (١) قُمْ اللَّيْلَ إِلَّا قَلِيلًا (٢) نِصْفَهُ أَوْ انْقُصْ مِنْهُ قَلِيلًا (٣) أَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْآنَ أَنْ تَرْتِيلًا (٤) إِنَّا سَنُلْقِي عَلَيْكَ قَوْلًا ثَقِيلًا (٥) إِنَّ نَاشِئَةَ اللَّيْلِ هِيَ أَشَدُّ وَطْأً وَأَقْوَمُ قِيْلًا (٦)

৪. হে বস্ত্র আচ্ছাদিত। রাতে দাড়াও কিছু সময় বাদ দিয়ে। অর্ধেক রাত, কিংবা তার চাইতে কম। অথবা তার চাইতে কিছু বাড়াও এবং কুরআন আবৃত্তি করো তারতিল করে করে। আমরা তোমার প্রতি নাযিল করেছি এক গুরুতর বাণী। নিশ্চয়ই রাতে জেগে ওঠা কঠিন এবং প্রবৃত্তিকে নিয়ন্ত্রণ করতে অধিকতর কার্যকর আর আল্লাহ বাণী (কুরআন) বুঝার উত্তম সময়। (৭৩:১ থেকে ৬)

إِنَّ رَبَّكَ يَعْلَمُ أَنَّكَ تَقُومُ أَدْنَىٰ مِنْ ثُلُثَيِ اللَّيْلِ وَنِصْفَهُ وَثُلُثَهُ وَطَائِفَةٌ مِّنَ الَّذِينَ مَعَكَ وَاللَّهُ

৫. তোমার প্রভু জানেন, তুমি দাঁড়াও রাতের প্রায় দুই তৃতীয়াংশ, কখনো অর্ধেক এবং কখনো এক তৃতীয়াংশ এবং তোমার সাথে দাঁড়ায় তোমার সার্থীদের একটি দলও। (৭৩:২০)

মুসলিম হাদিস

১ রাতের তাহাজ্জুদ সালাত পড়া জারি রাখা। তোমাদের পূর্বে ধার্মিক লোকেরা রাতের তাহাজ্জুদ সালাত আদায় করতো। এই সালাত তোমাদেরকে আল্লাহর অধিক নিকটবর্তী করে। তোমাদের পাপ মোচন করে। খারাপ কাজ থেকে ফিরিয়ে রাখে। অসুস্থতা থেকে তোমাদের শরীরকে মুক্ত রাখে।

আবু দাউদ হাদিস

যখন কোনো ব্যক্তি তাহাজ্জুদ সালাত এর জন্য তার স্ত্রীকে ঘুম থেকে জাগিয়ে দেয় এবং তারা দুই রাকাত তাহাজ্জুদ সালাত আদায় করে, তাদেরকে আল্লাহ তায়ালা ওই সকল পুরুষ ও মহিলাদের মধ্যে शामिल করেন যারা আল্লাহর যিকির (স্মরণ করে) করে।

প্রিয় ভাই ও বোনেরা আসুন আমরা ফরজ সলাতের পাশাপাশি অতিরিক্ত হিসাবে ২ থেকে ১২ রাকাত তাহাজ্জুদ সালাত নিয়মিত আদায় করি।

আশা করা যায় আল্লাহ আমাদের মর্যাদা উঁচু করবেন ইনশাআল্লাহ।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

Click here <http://www.morningbrightness.fi/>